

লক্ষ্মীপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য হানিফ

লক্ষ্মীপুর প্রতিনিধি

০৮ জুন ২০২৬, ০২:০৯ পিএম



লক্ষ্মীপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ। ছবি: আমাদের সময়

লক্ষ্মীপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য (ভাইস-চ্যান্সেলর) হিসেবে নিয়োগ পেয়েছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ট্রেজারার এবং ফলিত গণিত বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ। ৪ বছরের জন্য নিয়োগ পেয়েছেন তিনি।

গতকাল রোববার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখার সহকারী সচিব মো. শাহ আলম সিরাজ স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এই তথ্য জানানো হয়।

আজ সোমবার সকালে প্রজ্ঞাপনটি কপি ফেসবুকে পোস্ট করে পানিসম্পদ মন্ত্রী শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি ও নতুন বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্যকে অভিনন্দন জানিয়েছেন বিভিন্ন মহল।

প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়, রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে ড. হানিফকে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের শর্তানুসারে নোবিপ্রবির ট্রেজারার পদ থেকে অব্যাহতি প্রদান করা হয়েছে। একইসঙ্গে তাকে লক্ষ্মীপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর পদে নিয়োগ দেওয়া হয়।

প্রজ্ঞাপনে উপাচার্যের জন্য কয়েকটি শর্ত দেওয়া হয়। সেগুলো হলো— উপাচার্য পদে তার নিয়োগের মেয়াদ যোগদানের দিন থেকে ৪ বছর অথবা অবসর গ্রহণের দিনে মধ্যে যা পূর্বে ঘটে সেই সময় পর্যন্ত তিনি স্থায়ী পদে বহাল থাকবেন, তিনি তার বর্তমান পদের সমপরিমাণ বেতনভাতাদি পাবেন, বিধি অনুযায়ী পদসংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন, বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান করবেন এবং রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন।